তারিখ ..28 FEB 2016...
পৃষ্ঠা ...2... কলাম.....6.....

কালের কণ্ঠ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতাকে পিটিয়ে কুপিয়ে জখম

## অভিযোগ ছাত্রলীগের বিরুদ্ধে

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতা শিপন বিশ্বাসকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর জখম করেছে দুর্বৃত্তরা। শুক্রবার রাতে এ ঘটনা ঘটে। শিপনকে প্রথমে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং পরে মৌচাকের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয়ের উর্দু বিভাগের শিক্ষার্থী এবং এসএম হল ছাত্রদলের যুগ্ম সম্পাদক। চারুকলায় ঘুরতে গেলে তাঁকে আটকে রেখে ছাত্রলীগের ওই নেতাকর্মীরা মারধর করেছে বলে অভিযোগ ছাত্রদলের।

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মেডিক্যাল অফিসার ডা. তৈয়িবুর রহমান গালিব কালের কণ্ঠকে বলেন, ভোঁতা কোনো অস্ত্রের আঘাতে শিপনের বাঁ কানের অর্ধেক কেটে গেছে। মাথার আঘাতে সাতটি সেলাই দেওয়া হয়েছে। বাঁ হাতের একটি হাড় ও চোয়ালের হাড় ভেঙে গেছে। দুটি দাঁত পড়ে গেছে।

জানা গেছে, শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের ও অন্যান্য ক্যাম্পাসের আরো কয়েকজনকে নিয়ে চারুকলায় প্রবেশ করেন শিপন। এ খবর পেয়ে চারুকলা ছাত্রলীগের নেতাকর্মীরা তাদের ধরে নিয়ে একটি কক্ষে আটকে রেখে মারধর করে।

চারুকলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওবাইদুল কবির রিক্ত কালের কণ্ঠকে বলেন, কিছু জুনিয়র ছাত্র শিপনকে মারধর করেছে। পরে পুলিশের সহায়তায় মেডিক্যালে পাঠানো হয়।

**ছাত্রদলের নিন্দা :** ছাত্রদলকর্মীর ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি রাজিব আহসান ও সাধারণ সম্পাদক আকরামুল হাসান। গতকাল এক বিবৃতিতে এই নিন্দা ও প্রতিবাদ জানান।